**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 19-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, কোনো একটি রাজ্যের অর্থনৈতিক সহ সার্বিক অগ্রগতির জন্য পরিকাঠামোগত উন্নয়ন অপরিহার্য। রাজ্যের বর্তমান সরকার রাজ্যবাসীকে উন্নত পরিষেবা প্রদানের লক্ষ্যে আধুনিক এবং উন্নত পরিকাঠামো গড়ে তোলার জন্য কাজ করছে। প্রজ্ঞাভবনে ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেস আয়োজিত 'ভারতের উত্তর পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়ন' শীর্ষক আলোচনাচক্রে গতকাল প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, উন্নত পরিকাঠামো ব্যবসা বাণিজ্য, উৎপাদনশীলতা, নির্মাণ, স্বাস্থ্য সহ জীবনযাত্রার মনকে উন্নত ও ত্বরান্বিত করে। পরিকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে ইঞ্জিনিয়ারদের অন্যতম ভূমিকা রয়েছে। তাদের উদ্ভাবনী চিন্তাধারার ফলেই রাজ্যেও উন্নত পরিকাঠামো গড়ে তোলা সম্ভব হচ্ছে।

#######Byte-CM########

***************************

**Ker Puja :**

আজ ঐতিহ্যবাহী কের পূজা। গতকাল রাত ১০টায় তোপধ্বনির মাধ্যমে শুরু হয়েছে তিন দিনের কের পূজা। আগামীকাল ভোর ৫টায় শেষ হবে এই পূজা। ত্রিপুরার রাজ পরিবারের এই পুজো সাধারন লোক চক্ষুর আড়ালে হয়ে থাকে। আগরতলার নতুন হাবেলি উজ্জয়ন্ত প্রাসাদ এলাকা ও পুরান আগরতলার চতুর্দশ দেবতা বাড়ি এলাকা অর্থাৎ পুরান হাবেলির নির্দিষ্ট কিছু এলাকা এই পূজার চৌহদ্দি। পূজা চলাকালীন এই চৌহদ্দির ভেতরে সাধারনের প্রবেশ নিষিদ্ধ রাখা হয়। রাজ্যের সুখ, সমৃদ্ধি ও শান্তি কামনায়

রাজ পরিবার এই পূজা করে থাকে। সেই প্রথা ঐতিহ্য বহু বছর ধরে মেনে চলা হচ্ছে। কের পূজা উপলক্ষে আজ রাজ্যে সরকারী ছুটি।

***************************

**LS SPEAKER :**

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা জোর দিয়ে বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্য অভিমুখী যাত্রায় ভারতীয় যুবসমাজের জন্য সঠিক দিকনির্দেশনা, প্রযুক্তিগত সহায়তা এবং নীতি নির্ধারণ প্রয়োজন। এই প্রসঙ্গে, অধ্যক্ষ জোর দিয়ে বলেন, সমাজ ও জাতির সামগ্রিক উন্নয়নে সামাজিক সংগঠনগুলির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গুরুগ্রামে এক কনক্লেভে ভাষনে তিনি বলেন, যুবসমাজের মধ্যে পরিবর্তনের আবেগ, ভবিষ্যৎ গঠনের ক্ষমতা এবং জাতি গঠনের জন্য উৎসাহ রয়েছে। তিনি জানান, যুবসমাজ কেবল চাকরিপ্রার্থী নয় বরং কর্মসংস্থান সৃষ্টিকারী হয়ে উঠছে। ভারতীয় গণতন্ত্রের শক্তি সম্পর্কে আলোকপাত করে ওম বিড়লা বলেন, ভারতীয় গণতন্ত্র কেবল স্বাধীনতা-পরবর্তী ঘটনা নয়, বরং তা জাতির কর্মনীতি, সংস্কৃতি, আচরণ, আধ্যাত্মিক বিশ্বাস এবং সমাজের সামগ্রিক কল্যাণের সঙ্গে গভীরভাবে জড়িত।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর অনুবাদ শোনা যাবে।

******************************

**Governor Visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল নয়াদিল্লিতে ন্যাশনাল ওয়ার মেমোরিয়্যাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে রাজ্যপাল ভারতীয় সশস্ত্র বাহিনীর বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।

***************************

**Courtsey Meet :**

ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায় গতকাল দিল্লীতে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী মনসুখ মান্ডাভিয়ার সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে দুজনের মধ্যে ত্রিপুরার যুব সমাজের বিকাশ, খেলাধুলার প্রসার এবং শ্রমিক কল্যাণে বিভিন্ন প্রকল্পের কার্যকর বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। মন্ত্রী শ্রী রায় জানান কেন্দ্রীয় মন্ত্রীর বিষয়গুলি গুরুত্ব সহকারে দেখেছেন এবং সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন। তিনি আশা প্রকাশ করেন যে কেন্দ্রীয় মন্ত্রীর পরামর্শ ও দিকনির্দেশনা আগামী দিনে ত্রিপুরার ক্রীড়া, যুব কল্যাণ এবং শ্রম খাতের সার্বিক উন্নয়নকে নতুন দিশা ও আরো গতি প্রদান করবে।

****************************

**TB Mukta Bharat Abhijan :**

পশ্চিম জেলার শাসক ডাঃ বিশাল কুমারের পৌরোহিত্যে আগরতলায় ২০২৫-২৬ সালের টিবি-মুক্ত ভারত অভিযান এবং ১০০ দিনের প্রচারাভিযান সংক্রান্ত প্রথম ত্রৈমাসিক পর্যালোচনা বৈঠক গতকাল অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যের টিবি রোগী শনাক্তকরণ, চিকিৎসা এবং নিরাময়ের সংখ্যা এবং চিকিৎসা পদ্ধতি সম্পর্কে আলোচনা হয়।

*************************

**NSO Quiz :**

জাতীয় নমুনা সমীক্ষার ৭৫ বছর পূর্তি উপলক্ষে জাতীয় পরিসংখ্যান দপ্তরের ফিল্ড অপারেশন বিভাগ আয়োজিত অন্বেষা দ্বিতীয় পর্যায়ের অনুষ্ঠানের অঙ্গ হিসাবে গতকাল সুকান্ত একাডেমির প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয় ছাত্র-ছাত্রীদের মধ্যে ক্যুইজ প্রতিযোগিতা। উদ্বোধন করেন বনদপ্তরের প্রধান সচিব আর কে সামল।

*****************************

**Rakhal Shield :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতায় ফরোয়ার্ড ক্লাব ফাইনালে উঠেছে। গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত আসরের প্রথম সেমিফাইনালে ফরোয়ার্ড ক্লাব ২-১ গোলে নাইন বুলেটস ক্লাবকে পরাজিত করে। এদিকে আসরের দ্বিতীয় সেমিফাইনালে আজ ব্লাডমাউথ ক্লাব ও কল্যাণ সমিতি পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সন্ধ্যা ৬টায় ম্যাচটি শুরু হবে।

***************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস।

*************************